# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মসজিদে কফ দেখে তা মাটিতে পুতে ফেলে তার মহান আল্লাহ সাদাকাহ করার সাওয়াব লিখে অনুগ্রহ করেন

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا بِكَتْبِهِ الصَّدَقَةَ لِلدَّافِنِ النُّخَامَةَ إِذَا رَآهَا فِي الْمَسْجِدِ

আরবী

1640 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ الْحَسَنِ بْنِ شَقِيقٍ سَمِعْتُ أَبِي يَقُولُ: أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ وَاقِدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فِي الْإِنْسَانِ ستون وثلاث مئة مَفْصِلٍ عَلَيْهِ أَنْ يَتَصَدَّقَ عَنْ كُلِّ مَفْصِلٍ مِنْهُ بِصَدَقَةٍ) قَالُوا: وَمَنْ يُطِيقُ ذَلِكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (النُّخَاعَةُ تَرَاهَا فِي الْمَسْجِدِ فَتَدْفِنُهَا أَوِ الشَّيْءُ تُنَحِّيهِ عَنِ الطَّرِيقِ فَإِنْ لم تجد فَرَكْعَتَا الضحى تجزيانك)

الراوي : بُرَيْدَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1640 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (461).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: هَذِهِ سُنَّةٌ تَفَرَّدَ بِهَا أَهْلُ مَرْوَ وَالْبَصْرَةَ

বাংলা

১৬৪০. বুরাইদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মানুষের শরীরে ৩৬০টি জোড় রয়েছে। তার জন্য আবশ্যক হলো প্রত্যেক জোড়ের জন্য একটি করে সাদাকাহ করা।” তখন সাহাবীগণ বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরকম করতে কে সক্ষম হবে?” জবাবে তিনি বলেন, “তুমি মাসজিদে যে কফ-থুথু দেখতে পাও অতঃপর তা মাটিতে পুতে দাও অথবা রাস্তা থেকে কোন (কষ্টদায়ক) জিনিস অপসারণ করো (এসব সাদাকাহ হিসেবে গণ্য হবে) যদি তুমি এসব করতে না পাও, তবে চাশতের দুই রাকা‘আত সালাত তোমার জন্য যথেষ্ট হয়ে যাবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এটি এমন সুন্নাত, যা মরো ও বসরাবাসী এককভাবে বর্ণনা করেছেন।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৫৩; সুনান বাইহাকী: ২/২৯১; আত তায়ালিসী: ৪৮৩; মুসনাদ আহমাদ: ৫/১৭৮; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২৩০; আবূ আওয়ানা: ১/৪০৬; বাগাবী, শরহুস সুন্নাহ: ৪৮৯; তাহাবী, মুশকিলুল আসার: ৯৯; আবূ দাঊদ: ৫২৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91234

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন